

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এফ,ই সার্কুলার নং ২৩

অগ্রহায়ণ ০৭, ১৪১৭ বাং  
তারিখ : -----  
নভেম্বর ২১, ২০১০ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফ,ই সার্কুলার নং ০৬, তারিখ এপ্রিল ১১, ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা  
যাইতেছে।

০২। সরকার কর্তৃক এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী প্রাপ্তির  
ক্ষেত্রে বন্ডেড ওয়ারহাউজ/ডিউটি ড্র-ব্যাক সুবিধা যুগপৎ ব্যবহার না করার শর্ত প্রযোজ্য হইবে না। এতদপেক্ষিতে  
উল্লিখিত এফ,ই সার্কুলার নং ০৬/২০১০ এর ০২ নম্বর অনুচ্ছেদে ‘পণ্য উৎপাদনে/প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে শুল্ক  
বন্ড/ডিউটি ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করা হইলে ভর্তুকী সুবিধা প্রাপ্য হইবে না’ মর্মে বর্ণিত নির্দেশনা বাতিল করা হইল।  
একই সাথে উক্ত সার্কুলারের সহিত সংযোজিত আবেদন ফরম ‘ক’ এর গ(২) নম্বর ক্রমিকে শুল্ক বন্ড/ডিউটি ড্র-ব্যাক  
সুবিধা গ্রহণ সম্পর্কে আরোপিত শর্ত সংশোধিত মর্মে বিবেচিত হইবে।

আলোচ্য সার্কুলার এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে জারিকৃত এফ,ই সার্কুলার নং ১১/২০১০ ও ১৭/২০১০ এর  
অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকিবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো  
যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫